রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ২২, ১৯৮৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

জাতীয় রাজস্ব বোর্ড

(শুল্ক ও বিক্রয় কর)

## প্রজ্ঞাপন

ঢাকা, ৩রা কার্তিক, ১৩৯৪/২১শে অক্টোবর, ১৯৮৭

নং এস, আর, ও ২৫৫-আইন/এল/৮৭/১০৮৮/শুল্ক—Customs Act, 1969 (IV of 1969)-এর ২১৯ ধারায় (উক্ত আইনের Third Schedule-এর Item-2-র সহিত পঠিতব্য) প্রদত্ত ক্ষমতাবলে, উক্ত আইনের Section 21 (b) এবং Sales Tax Ordinance (XVIII of 1982)-এর Section 5-A-এর উদ্দেশ্য পূরণকল্পে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ

১। এই বিধিমালা বৈদেশিক মুদ্রায় বিক্রয়ের উদ্দেশ্যে আমদানীকৃত কাঁচামাল খালাস বিধিমালা, ১৯৮৭ বলিয়া অভিহিত হইবে।

২। বৈদেশিক মুদ্রায় ক্রয়ের নিমিত্ত প্রচারিত কোন আন্তর্জাতিক বা জাতীয় টেন্ডারে কৃতকার্য কোন স্থানীয় উৎপাদনকারী টেন্ডারের চাহিদা ও বিনির্দেশ (Specification) মোতাবেক মাল উৎপাদনের জন্য প্রয়োজনীয় কাঁচামাল ওয়্যারহাউজিং ব্যবস্থাধীনে আমদানী করিতে অথবা একই উদ্দেশ্যে নিজস্ব বন্ডেড ওয়্যারহাউজ হইতে আমদানীকৃত, কাঁচামাল শুল্ক ও বিক্রয়কর পরিশোধ ব্যতিরেকে ছাড় নিতে পারিবেন। আমদানীকৃত কাঁচামাল ছাড় নিবার পূর্বে উক্ত উৎপাদনকারীকে সংশ্লিষ্ট কালেক্টর অব কাস্টমস-এর নিকট হইতে একটি ওয়্যারহাউজিং লাইসেন্স



মূল্যঃ ৩০ পয়সা

গ্রহণ করিতে হইবে। উৎপাদনকারী, শুল্ক কর্তৃপক্ষের নিয়ন্ত্রণাধীনে ওয়ারহাউজকৃত কাঁচামাল ব্যবহার করিয়া সংশ্লিষ্ট টেন্ডারের বিবরণ অনুযায়ী মালামাল প্রস্তুত ও ক্রেতার নিকট সরবরাহ করিবার সুযোগ পাইবেন।

৩। (১) উৎপাদনকারী বৈদেশিক মুদ্রায় মূল্য প্রাপ্তির গ্রহণযোগ্য প্রমাণসহ সংশ্লিষ্ট টেন্ডার দলিলপত্র, ক্রয়চুক্তি, কার্যাদেশ ও ঋণপত্রের কপি এবং (সকল সম্ভাব্য ক্ষেত্রে) সরবরাহ যোগ্য মালের চার প্রস্থ ক্রেতা-অনুমোদিত নমুনা সহকারে প্রত্যায়িত বিশ্লেষণপত্র প্রদানের জন্য পরিচালক, পরিদর্শন ও প্রশিক্ষণ, শুল্ক ও আবগারী, ঢাকা (অতঃপর পরিচালক বলিয়া উল্লিখিত)-এর নিকট আবেদনপত্র দাখিল করিবেন। কোন ক্ষেত্রে টেন্ডারদাতা এবং উৎপাদনকারী যদি একই ব্যক্তি বা প্রতিষ্ঠান না হন তবে সংশ্লিষ্ট ক্রয়-চুক্তিতে মূল টেন্ডারদাতা ছাড়াও সাব-কন্ট্রাক্টর হিসাবে সংশ্লিষ্ট উৎপানকারীর নাম অবশ্যই উল্লেখ থাকিতে হইবে এবং কাঁচামাল শুধুমাত্র প্রকৃত উৎপাদনকারী আমদানী করিবেন এই মর্মে মূল টেন্ডার দাতা একটি ঘোষণাপত্র দাখিল করিবেন। উৎপাদনকারী সরবরাহযোগ্য মালের ইউনিট প্রতি উৎপাদনে প্রয়োজনীয় কাঁচামালের বিস্তৃত বিবরণ দাখিল করিবেন। তৎপর পরিচালক প্রয়োজনীয় পরীক্ষার পর কাঁচামাল শুল্ক ও বিক্রয়কর পরিশোধ ব্যতিরেকে খালাসের জন্য উৎপাদনকারীর অনুকূলে প্রত্যায়িত বিশ্লেষণপত্র ইস্যু করিবেন।

(২) পরিচালক বিশ্লেষণ পত্রের একটি কপিসহ মালের এক প্রস্থ সত্যায়িত নমুনা উৎপাদনকারী, সংশ্লিষ্ট আমদানী শুল্ক-স্টেশনের কালেক্টর অব কাস্টমস অথবা, ওয়ারহাউজ নিয়ন্ত্রণকারী কালেক্টর অব কাস্টমস এবং সংশ্লিষ্ট ফ্যাক্টরীতে নিয়োজিত বন্ড অফিসারকে সরবরাহ করিবেন। কাঁচামাল ছাড়করণ, ফ্যাক্টরীতে উৎপাদন এবং ফ্যাক্টরী হইতে উৎপাদিত মাল খালাসে এই বিশ্লেষণপত্র এবং নমুনা ব্যবহৃত হইবে।

৪। বিধি ৩(১)-এর অধীনে আবেদনপত্র পাইবার সর্বাধিক ২১ দিনের মধ্যে পরিচালক প্রত্যায়িত বিশ্লেষণপত্র ইস্যু করিবেন। কোন কারণে ইহা সম্ভব না হইলে এই সময়ের মধ্যে তিনি উৎপাদকের অনুকূলে একটি সাময়িক (provisional) বিশ্লেষণপত্র ইস্যু করিবেন। সাময়িক বিশ্লেষণপত্রের বলে সংশ্লিষ্ট কালেক্টর অব কাস্টমস কাঁচামাল ছাড় দিতে পারিবেন, তবে এইরূপ ক্ষেত্রে ছাড়কৃত কাঁচামাল পরিচাল কর্তৃক ইস্যুতব্য চূড়ান্ত বিশ্লেষণপত্র অনুযায়ী ছাড়যোগ্য কাঁচামালের সহিত সমন্বয়যোগ্য হইবে এবং প্রথমে প্রয়োজনাতিরিক্ত কাঁচামাল ছাড় নিয়া থাকিলে অতিরিক্ত কাঁচামালের উপর প্রযোজ্য শুল্ক ও বিক্রয়কর পরিশোধ করিতে সংশ্লিষ্ট উৎপাদনকারী বাধ্য থাকিবেন। কাঁচামাল ছাড় নিবার কালে উৎপাদনকারী এই মর্মে একটি ঘোষণাপত্র যথাযথ মূল্যের ষ্ট্যাম্প পেপারে কালেক্টর অব কাস্টমস এর নিকট দাখিল করিবেন।

৫। (১) ইন টু-বন্ড বিল অব এন্ট্রি (Into-Bond Bill of Entry) এর মাধ্যমে আমদানী-কৃত কাঁচামাল ছাড়ের আবেদনের সহিত উৎপাদনকারী পরিচালক কর্তৃক ইস্যুকৃত প্রত্যায়িত বিশ্লেষণপত্র সংশ্লিষ্ট আমদানী শুল্ক-স্টেশনের কালেক্টর অব কাস্টমস এর নিকট দাখিল করিবেন। কোন উৎপাদনকারী তাঁহার নিজস্ব ওয়ারহাউজে ইতিপূর্বে বন্ড সম্পাদনের মাধ্যমে মজুদ কাঁচামাল এই বিধিমালার আওতায় ব্যবহার করিতে আগ্রহী হইলে তিনি Customs Act, 1969 এর Section 86 মোতাবেক বন্ড ট্রেন্সফার সুবিধার নিমিত্ত প্রত্যায়িত বিশ্লেষণপত্রসহ কালেক্টর অব কাস্টমস এর নিকট আবেদনপত্র দাখিল করিবেন। উভয়ক্ষেত্রে আবেদনপত্র (বিল অব এন্ট্রি)-তে সংশ্লিষ্ট ক্রয় চুক্তির নম্বর ও তারিখ এবং "বৈদেশিক মুদ্রায় বিক্রয়যোগ্য মাল উৎপাদনের জন্য" এই কথাগুলি বড় বড় অক্ষরে লিখিত হইবে। ইহাছাড়া উভয়ক্ষেত্রে ছাড়কৃত কাঁচামাল ঘোষিত উদ্দেশ্যে ব্যবহৃত না হইলে উৎপাদনকারী কাঁচামালের উপর ধার্যযোগ্য শুল্ক ও বিক্রয়করের দ্বিগুণ পরিমাণ কালেক্টর অব কাস্টমস কর্তৃক আরোপিত জরিমানা (যদি কিছু থাকে) সহ পরিশোধ করিতে বাধ্য থাকিবেন এই মর্মে একটি অংগীকারনামা উৎপাদনকারী

বিল অব এন্ট্রির সহিত দাখিল করিবেন। কালেক্টর অব কাস্টমস আমদানীকৃত কাঁচামাল ছাড় দিয়া শুল্ক এসকোর্ট (escort) সহ উৎপাদনকারীর ওয়ারহাউজে পরিবহন ও বন্ডিংয়ের আদেশ দিবেন, অথবা (প্রযোজ্য ক্ষেত্রে) সংশ্লিষ্ট উৎপাদনকারীর নিজস্ব ওয়ারহাউজে মাল উৎপাদনের নিমিত্ত বন্ড ট্রান্সফারের মাধ্যমে কাঁচামাল ব্যবহারের সুবিধা দিবেন। কালেক্টর অব কাস্টমস উৎপাদনকারীর নামে একটি চুক্তিভিত্তিক নথি খুলিবেন এবং উপ-বিধি (৩) অনুযায়ী সম্পূর্ণ হিসাব না মিলাইয়া এই নথি বন্ধ করিবেন না।

(২) কোন ক্ষেত্রে যদি ক্রেতা বা টেন্ডারদাতা ক্রয়চুক্তির আওতাধীনে প্রয়োজনীয় কাঁচামালের সম্পূর্ণ বা আংশিক নিজ ব্যয়ে আমদানীপূর্বক উৎপাদনকারীকে সরবরাহ করিতে চান, তবে সংশ্লিষ্ট ক্রয়-চুক্তি এবং আমদানী দলিলে (ঋণ পত্র, ইনভয়েস, ইত্যাদি) ক্রেতার নামের সহিত উৎপাদনকারীর নাম উল্লেখ থাকিতে হইবে এবং বিল অব এন্ট্রি আবেদনের সহিত কাঁচামালের অভীষ্ট ব্যবহারে অন্যথা হইলে শুল্ক ও বিক্রয়কর এবং কালেক্টর অব কাস্টমস কর্তৃক আরোপিত জরিমানা (যদি থাকে) একক অথবা যুগ্মভাবে পরিশোধ করার জন্য ক্রেতা এবং উৎপাদনকারীর যুগ্ম স্বাক্ষরে একটি অংগীকারনামা দাখিল করিতে হইবে। অন্যথায় কালেক্টর অব কাস্টমস উৎপাদনকারীর অনুকূলে আমদানীকৃত কাঁচামালের ওয়ারহাউজিং সুবিধা প্রদান করিবেন না।

(৩) উৎপাদনকারী কাঁচামাল খালাসের পর উৎপাদন প্রক্রিয়া কখন শুরু হইবে তাহা পরিচালককে জানাইবেন এবং তৎসংগে সমস্ত আমদানী দলিলাদী (বিল অব এন্ট্রী, ইনভয়েস, ঋণপত্র, ইত্যাদির সত্যায়িত অনুলিপি) পরিচালকের দপ্তরে দাখিল করিবেন। ইতিপূর্বে চূড়ান্ত বিশ্লেষণ পত্র ইস্যু না করিয়া থাকিলে এই পর্যায়ে পরিচালক উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান পরিদর্শনের ও বিস্তারিত জরীপ চালানোর ব্যবস্থা গ্রহণ করিবেন। জরীপকালীন সময়ে জরীপ দল উৎপাদনকারী কর্তৃক সরবরাহযোগ্য মালের ইউনিট প্রতি উৎপাদনের প্রয়োজনীয় কাঁচামালের যে বিস্তৃত বিবরণ দাখিল করিয়াছেন তাহার সত্যতা যাচাই করিবেন এবং সংশ্লিষ্ট চুক্তির বিবরণ ও বিনির্দেশ মোতাবেক কি পরিমাণ কাঁচামালের প্রয়োজন হইবে তাহা নির্ধারণ করিয়া চূড়ান্ত বিশ্লেষণপত্র ইস্যু করিবেন।

(৪) মাল সরবরাহ সম্পন্ন করিবার পর দুই মাসের মধ্যে সংশ্লিষ্ট উৎপাদনকারী বৈদেশিক মুদ্রায় মূল্য পাইবার স্বপক্ষে ব্যাংকের প্রত্যায়ন পত্র, এবং চুক্তি অনুযায়ী সম্পূর্ণ মাল বুঝিয়া পাইয়াছেন এই মর্মে ক্রেতার প্রত্যয়ন পত্র সংশ্লিষ্ট আমদানী শুল্ক-ষ্টেশন অথবা ওয়ারহাউজ নিয়ন্ত্রণকারী (যাহাই প্রযোজ্য হয়) কালেক্টর অব কাস্টমস এর নিকট দাখিল করিবেন। তৎপর বিশ্লেষণপত্র অনুযায়ী ছাড়কৃত কাঁচামালের সুষ্ঠু ব্যবহার সম্বন্ধে নিশ্চিত হইয়া কালেক্টর অব কাস্টমস অংগীকারনামা হইতে ক্রেতা ও উৎপাদনকারীকে নিষ্কৃতি দিবেন। এই নিষ্কৃতি পত্রের এক কপি পরিচালকের বরাবরে পৃষ্ঠাংকন (endorse) করিতে হইবে।

৬। উৎপাদনকারী তাঁহার ফ্যাক্টরীতে কাঁচামাল এবং প্রস্তুতকৃত মাল সংরক্ষণের জন্য পৃথক পৃথক স্থান ব্যবহার করিবেন এবং এই স্থানসমূহ যথাযথ শুল্ক অফিসার (bond officer) এবং উৎপাদনকারীর যুগ্ম নিয়ন্ত্রনাধীনে (তালা চাবি দ্বারা) সংরক্ষিত থাকিবে।

৭। উৎপাদনকারী কাঁচামাল খালাস, বন্ডিং, উৎপাদন ও সরবরাহ সহ অপচয় (Wastage) এর যথাযথ হিসাব সংশ্লিষ্ট কালেক্টর অব কাস্টমস বা জাতীয় রাজস্ব বোর্ড-এর চাহিদানুযায়ী রেজিষ্টারে সংরক্ষণ করিবেন এবং যথাযথ শুল্ক অফিসার ইহা নিয়মিত পরীক্ষা ও প্রত্যয়ন করিবেন। উৎপাদনকারীর কাঁচামাল পরিবহনে কাস্টমস এসকোর্ট বাবদ ব্যয় এবং বন্ড অফিসারের বেতন ও ভাতা সংশ্লিষ্ট কালেক্টর অব কাস্টমসকে এবং প্রযোজনে বিশেষজ্ঞ সার্ভিস ভাড়া বাবদ ব্যয় পরিচালককে পরিশোধ করিতে বাধ্য থাকিবেন। যদি প্রমাণিত হয় যে, খালাসকৃত কাঁচামাল বৈদেশিক মুদ্রায় সরবরাহ করা ছাড়া অন্য কোন উদ্দেশ্যে ব্যবহৃত হইয়াছে, তবে

উৎপাদনকারী সংশ্লিষ্ট কাঁচামালের উপর শুল্ক ও বিক্রয়কর পরিশোধ করা ছাড়াও শুল্ক ও বিক্রয় করের সমপরিমাণ টাকার অংকের উপর মাল খালাসের তারিখ হইতে ব্যাংক রেইটের অতিরিক্ত ২% হারে সুদ এবং কালেক্টর অব কাস্টমস কর্তৃক আরোপিত জরিমানা (যদি থাকে) পরিশোধ করিতে বাধ্য থাকিবেন।

৮। যদি ছাড়কৃত কাঁচামালের আংশিক পরিমাণ ব্যবহারযোগ্য না হয় অথবা উৎপাদন শেষে কিছু (পরিমিত পরিমাণ) কাঁচামাল বাঁচিয়া যায়, তবে উৎপাদনকারীর অনুরোধে সংশ্লিষ্ট কালেক্টর অব কাস্টমস এই সব কাঁচামালের ধ্বংস সাধন অথবা শুল্ক ও বিক্রয় কর পরিশোধপূর্বক ইহা ছাড় দেওয়ার আদেশ দিতে পারেন।

৯। পরিচালক বা তাঁহার মনোনীত প্রতিনিধি, আমদানী শুল্ক-স্টেশন অথবা ওয়ারহাউজ নিয়ন্ত্রণকারী কালেক্টর অব কাস্টমস বা তাঁহার মনোনীত প্রতিনিধি এবং জাতীয় রাজস্ব বোর্ড মনোনীত কোন কর্মকর্তা সরজমিনে মালামাল সংরক্ষণ, উৎপাদন প্রক্রিয়া এবং রেকর্ড সংরক্ষণের ব্যবস্থা ও সংশ্লিষ্ট কাগজপত্র পরীক্ষার জন্য টেন্ডারদাতা এবং উৎপাদনকারীর দপ্তর ও ফ্যাক্টরী পরিদর্শন করিতে পারিবেন এবং ইহাতে টেন্ডারদাতা/উৎপাদনকারীর কোনরূপ ওজর আপত্তি চলিবে না। প্রয়োজনবোধে তাঁহারা ক্রয় চুক্তির সাথে জড়িত অন্যান্য ব্যক্তি বা প্রতিষ্ঠান যথা ক্রেতা, ব্যাংক ও বীমা কোম্পানী,-এর সাথে যোগাযোগ প্রতিষ্ঠা করিতে এবং সংশ্লিষ্ট কাগজপত্র পরীক্ষা করিতে পারিবেন।

১০। অত্র বোর্ডের এস, আর, ও সংখ্যা ৩০৬-এল/৮৪/৮৬৪/কাস, তাং ২৭-৬-৮৪-এর অধীনে প্রকাশিত Clearance of Raw materials for the Manufacture of Goods Sold against International Tender and Against payment in Foreign Exchange Rules, 1984 এতদ্বারা রহিত করা হইল।

মুহম্মদ মোবারক আলী মোল্লা
প্রথম সচিব (শুল্ক)।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
খোন্দকার মাহ্‌ফুজাল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্‌ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।